দৈনিক সংবাদ

তারিখ NOV 15 2002
পৃষ্ঠা ১০ কলাম ৬

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

# ১শ' ২৫ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত

**বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক ঃ** পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১শ' ২৫ জন ছাত্র-ছাত্রীর শিক্ষা কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

৬ই নভেম্বর বিশ্ববিদ্যালয়ের ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষের চূড়ান্ত পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। এ জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা ফিসহ সব বকেয়া পাওনা পরিশোধ করে ছাত্র-ছাত্রীদের প্রবেশপত্র সংগ্রহ করার জন্য নির্দেশ দেয়। কিন্তু বিশ্ববিদ্যালয়ের বিএসসি (এজি)-এর ৩য় সেমিস্টারের ছাত্র-ছাত্রীরা পাওনা পরিশোধ

সিদ্ধান্ত ঃ পৃঃ ১১ কঃ ৬

## সিদ্ধান্ত ঃ বন্ধ রাখার

(১ম পৃষ্ঠার পর)

না করেই পরীক্ষায় অংশ নেয়ার দাবি জানিয়ে বিক্ষোভ মিছিল করে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনরূপ নোটিশ ছাড়াই ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ প্রদর্শনকে বিধিবিহির্ভূত বলে আখ্যায়িত করেন। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা কার্যক্রমে বাধা দেয়া ও শিক্ষার পরিবেশ নষ্ট করার অভিযোগে বিএসসি এজির ৩য় সেমিস্টারের ১শ' ২৫ জন ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ শিক্ষা কার্যক্রম কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। এ সিদ্ধান্তে ছাত্র-ছাত্রীরা চরম হতাশায় ভুগছে। বিশ্ববিদ্যালয়ের অন্য ছাত্র-ছাত্রীরাও কর্তৃপক্ষের এ ধরনের সিদ্ধান্তে ক্ষোভ প্রকাশ করেছে।